দৈনিক ইত্তেফাক

69

তারিখ ... NOV 03 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪

# রাজধানীতে পলিটেকনিক ইনস্‌টিটিউট আবশ্যক

আগামী দুই বছরের মধ্যে আমরা তৃতীয় সহশ্রাব্দে পর্দাপণ করিতে যাইতেছি। এই সময়ে শিল্প উন্নয়ন ব্যতিরেকে বার কোটি মানুষের দেশ বাংলাদেশের নাগরিকদের জীবনযাত্রার মান উন্নয়নের উপায় নাই। শিল্প উন্নয়নের জন্য প্রয়োজন কারিগরিগত শিক্ষিত জনশক্তি। স্বাধীনতা অজর্নের পর বিগত ছাব্বিশ বৎসরে দেশের লোকসংখ্যা সাড়ে সাত কোটি হইতে বার কোটিতে পৌছিয়াছে। ধীরে ধীরে নূতন নূতন শিল্প-কারখানা গড়িয়া উঠিতেছে। আগামীতে দেশে প্রচুর কারিগরিগত শিক্ষিত লোকের অভাব দেখা দিবে। আগামী দিনের প্রয়োজন মিটাইবার নিমিত্ত এখনি প্রস্তুতি গ্রহণ আবশ্যক। এই কথা নিদারুণভাবে সত্যি, আমরা দেশের প্রয়োজন পূরণে নূতন পলিটেকনিক ইনস্‌টিটিউট স্থাপনে উদ্যোগ গ্রহণ করি নাই। বেসরকারী উদ্যোগও বিগত বৎসরগুলিতে অনুপস্থিত। আমরা এখন মান্ধাতা আমলের মত অপ্রয়োজনীয় মানবিক বিষয়ে শিক্ষা প্রদান করিয়া তরুণদিগকে বেকার হইবার পথ করিয়া দিতেছি। বর্তমান তরুণরা কারিগরি শিক্ষা গ্রহণ করতঃ দেশের যোগ্য কর্মী হইতে আগ্রহী। রাজধানী ঢাকায় আরও এক ডজন পলিটেকনিক স্থাপন করিলেও ছাত্রছাত্রীর অভাব হইবে না। এমতাবস্থায়, অবিলম্বে ঢাকা মহানগরে কয়েকটি পলিটেকনিক ইনস্‌টিটিউট স্থাপনের জন্য সরকারের নিকট আবেদন করিতেছি।

আহম্মদ হোসেন,
১২০, পশ্চিম বাসাবো,
ঢাকা-১২১৪।